গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www. pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

স্মারকনং-এইচএসপি/এমআইএস/আইসিটি/মাঠপর্যায়ে/২০২৩/৬(১০৯০)

তারিখ:১৮.০৪.২০২৪ খ্রি.

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির ৬ষ্ঠ হতে ১২শ ও সমমান শ্রেণির উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইন ব্যাংক হিসাব এবং 'নগদ' একাউন্ট ব্যতীত অন্যান্য মোবাইল ব্যাংকিং একাউন্টসমূহ 'নগদ'-এ রূপান্তর প্রসঙ্গে।**

**সূত্র:** ক)ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ১৩/০৩/২০২৩ খ্রি: তারিখের ১৪.০০.০০০০.০০৭.১৮.০০১.১৯.১৫ নম্বর স্মারক ।

খ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ৩০/০১/২০২৪ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৬০.১৮.২৫ নম্বর স্মারক।

গ) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ১৬/০৪/২০২৪ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১০৩.১৮.০০৪.২৩-৭২৫ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর আওতাধীন শিক্ষার্থীদের উপবৃত্তিসহ অন্যান্য সকল ভাতা ডাক অধিদপ্তরের সাথে চুক্তিবদ্ধ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস নগদের মাধ্যমে বিতরনের জন্য সূত্রোক্ত 'ক' নং পত্রে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ৩০/০১/২০২৪ খ্রি: তারিখের ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৬০.১৮-২৫ নং স্মারক অনুযায়ী বর্তমানে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে HSP-MIS সফটওয়্যারে 'নগদ' একাউন্ট এবং অনলাইন ব্যাংক হিসাব ব্যতীত **অন্যান্য মোবাইল আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সকল উপকারভোগীর মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর 'নগদ'-এ পরিবর্তনে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়।**

২। তৎপরিপ্রেক্ষিতে বর্তমান উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে ৬ষ্ঠ হতে ১২শ শ্রেণির 'নগদ' একাউন্ট ও অনলাইন ব্যাংক (এজেন্ট ব্যাংকিংসহ) হিসাবধারী ব্যতীত অন্যান্য মোবাইল আর্থিক সেবা প্রদানকারী (বিকাশ, রকেট, উপায়, শিওরক্যাশ ও এম ক্যাশ) প্রতিষ্ঠানের সকল উপকারভোগীর মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর 'নগদ'-এ পরিবর্তনের লক্ষ্যে HSP-MIS সফটওয়্যারে **"শিক্ষার্থীদের তথ্য সংশোধন অপশন"** আগামী ২১/০৪/২০২৪ তারিখ থেকে ২৯/০৪/২০২৪ তারিখ পর্যন্ত উন্মুক্ত থাকবে।

৩। বর্ণিত প্রেক্ষাপট বিবেচনায় আগামী ২১/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ২৯/০৪/২০২৪ খ্রি. তারিখের মধ্যে **"এতদসঙ্গে সংযুক্ত নির্দেশনা-১"** অনুসরন করে HSP-MIS সফটওয়্যারে বিদ্যমান বিকাশ/ রকেট/ উপায়/ শিওরক্যাশ/ এম ক্যাশ হিসাবধারী উপকারভোগী শিক্ষার্থীদের হিসাব নম্বর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নিজস্ব আইডি ও পাসওয়ার্ড ( Password) ব্যবহার করে HSP-MIS - এ প্রবেশ করে **'নগদ একাউন্টে'** রূপান্তর করার জন্য অনুরোধ করা হলো।

৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে আগামী ৩০/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে [illegible] খ্রি. পর্যন্ত **"এতদসঙ্গে সংযুক্ত নির্দেশনা-২"** অনুসরন করে প্রতিষ্ঠান পর্যায় থেকে প্রাপ্ত উপকারভোগীর সংশোধিত তালিকা অনুমোদন করার জন্য অনুরোধ করা হলো।

৫। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ তাঁদের স্ব স্ব ইউজার আইডি হতে বিদ্যমান উপকারভোগী শিক্ষার্থীদের তথ্য সংশোধন করবেন। এ সংক্রান্ত কাজে কোনভাবেই তৃতীয় পক্ষকে নিয়োগ করা যাবে না।

৬। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন উপজেলার স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগনকে **অতি জরুরীভিত্তিতে** উক্ত বিষয়টি অবহিতকরণসহ এতদ্ সংক্রান্ত সকল কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করবেন।

৭। **ইউজার আইডি ও পাসওয়ার্ড:**
কোন শিক্ষা প্রতিষ্ঠান HSP-MIS এর আইডি/পাসওয়ার্ড ভুলে গেলে বা অন্য কোন কারণে HSP-MIS এ লগ ইন করতে না পারলে শিক্ষা প্রতিষ্ঠানের প্যাডে লিখিত আবেদনসহ সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে অস্থায়ী পাসওয়ার্ড প্রাপ্তির জন্য mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো। অস্থায়ী পাসওয়ার্ড অতীব জরুরী ভিত্তিতে পরিবর্তন ও নিজস্ব পছন্দ অনুযায়ী নতুন পাসওয়ার্ড তৈরী করে নেবেন।

৮। HSP-MIS একটি আর্থিক সফটওয়্যার বিধায় সংশ্লিষ্ট ইউজার আইডির বিপরীতে সৃষ্ট পাসওয়ার্ড অন্য কারো নিকট হস্তান্তর করা যাবে না। **HSP-MIS সফটওয়্যারের পাসওয়ার্ড অন্য কারো নিকট হস্তান্তরজনিত কারণে কোন শিক্ষার্থী উপবৃত্তি হতে বঞ্চিত হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।**

৭। হেল্প লাইন নম্বর: অফিস চলাকালীন সময়ে সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৪.০০টা পর্যন্ত হেল্প লাইন মোবাইল নম্বর: ০১৩১৬৬৫৮২৩০, ০১৩১৬৬৫৮৫২৯-এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তি : বর্ণনামতে -২ পাতা**

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২/৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**<u>সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর (অতিরিক্ত সচিব), পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ (তথ্য সংশোধন চলাকালীন সময়ে HSP-MIS পর্যবেক্ষণের অনুরোধসহ)।
১০। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
১৩। **জনাব .........................., ....সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (প্রেরিত প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।**
১৪। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
১৫। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
১৬। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশ ও HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীদের তথ্য সংশোধন অপশন চালু করার অনুরোধসহ)।